জেলা পর্যায়ে সন্ধানী ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সাফল্য

মেহেরপুর জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ ও জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গাংনীর সন্ধানী ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের নানা সাফল্যের চিত্র তুলে ধরা হলো।

আজ বুধবার সকালের দিকে জেলাপ্রশাসক মোঃ আজিজুল ইসলাম তাঁর সম্মেলন কক্ষে বিভিন্ন ক্যাটাগরিতে জেলার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক, শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্লস গাইড, শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও সাংস্কৃতিক ইভেন্টে শ্রেষ্ঠদের মাঝে ক্রেস্ট, সার্টিফিকেট ও প্রাইজমানি প্রদান করেন।

এবছর মেহেরপুর জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ পর্যায়) নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজ, গাংনী, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান (মাধ্যমিক পর্যায়) নির্বাচিত হয়েছে মোঃ হাবিবুর রহমান, অধ্যক্ষ, সন্ধানী স্কুল এন্ড কলেজ, গাংনী, শ্রেষ্ঠ শিক্ষার্থী (মাধ্যমিক পর্যায়) নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৮ম শ্রেণির আতকিয়া ফাইজা, কলেজ পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষার্থী হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির জান্নাতুস ছামানিয়া ছোঁয়া, শ্রেষ্ঠ গালর্স গাইড শিক্ষক নির্বাচিত হয়েছে শুকেশ চন্দ্র বিশ্বাস, সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ গালর্স গাইড লিডার নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৮ম শ্রেণির আতকিয়া ফাইজা, শ্রেষ্ঠ গালর্স গাইড গ্রুপ নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের গালর্স গাইড গ্রুপ, বাংলা রচনায় ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির মোছাঃ হালিমা খাতুন, ইংরেজি বক্তব্যে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির সানজিদা আক্তার যুথি, খ গ্রুপে একক বিতর্কে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৯ম শ্রেণির উম্মে জুমাইল জান্নাত, গ গ্রুপে একক বিতর্কে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির হালিমা খাতুন, তাৎক্ষণিক অভিনয়ে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির মোছাঃ হালিমা

খাতুন এবং নজরুল সঙ্গীত, দেশাত্মবোধক গান ও লোকগীতিতে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির জান্নাতুস ছামানিয়া ছোঁয়া।

বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় জেলার ৮ জন সেরা মেধাবী ছাত্রাছাত্রী নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজ থেকে। জেলা পর্যায়ে ৮ জন সেরা মেধাবী ছাত্রছাত্রীরা হলো- দৈনন্দিন বিজ্ঞানে ৭ম শ্রেণির লাইবা জামান, ১০ম শ্রেণির জ্যুয়িনা ইসলাম ও ১২শ শ্রেণির নাজমুস সাকিফ গণিত ও কম্পিউটারে ৮ম শ্রেণির মুবিনা ইসলাম ও দ্বাদশ শ্রেণির নাজমুস সাকিফ, ভাষা ও সাহিত্যে ৯ম শ্রেণির উম্মে জুমাইল জান্নাত ও ১২শ শ্রেণির জয়া আফরিন মিষ্টি এবং বাংলাদেশ স্টাডিজে ১২শ শ্রেণির ইফ্ফাত নওশীন রাকা। বিজয়ী ছাত্রছাত্রী ও শিক্ষকমন্ডলীকে সন্ধানী সংস্থার পক্ষ থেকে অভিনন্দন।

“জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩” প্রতিযোগিতায় জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক)-সহ ০৯টি ইভেন্টে প্রথম স্থান অধিকার করেছে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

এছাড়াও জেলার শ্রেষ্ঠ স্কাউটস দল নির্বাচিত হয়েছে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের স্কাউটস দল।

১.হামদ নাত:ক গ্রুপে রুহানি ইসলাম ফারিন(শ্রেণি:৮ম) ২. ইংরেজি রচনা: ক গ্রুপে সোহানুর রহমান (শ্রেণি: ৮ম) ৩. ইংরেজি রচনা: খ গ্রুপে হাসিনা খাতুন (শ্রেণি:১০ম) ৪. জারী গান: খ গ্রুপে উলমাতুন নেছা পূর্ণিমা ও তার দল ৫. দেশোত্মবোধক গান: (ক) গ্রুপ:কামিনি (৬ষ্ঠ) ৬. রবীন্দ্রসংগীত: (খ) গ্রুপ: সোনিয়া (শ্রেণি: ১০ম), ৭.উচ্চাঙ্গ সংগীত: (ক) গ্রুপ: মার্দিয়া জামান মমো (শ্রেণি: ৮ম) . উচ্চাঙ্গ সংগীত: (খ) গ্রুপ: উলমাতুন নেছা পূর্ণিমা (শ্রেণি: ১০ম) ৯. লোকসংগীত: (ক) গ্রুপ: সামিউল ইসলাম (শ্রেণি: ৬ষ্ঠ)।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাসসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ দস্যুতা মামলার সাজাপ্রাপ্ত দুই পলাতক আসামী গ্রেপ্তার

ঝিনাইদহ থেকে র্যাব-৬ এর হাতে দস্যুতা মামলার সাজাপ্রাপ্ত ও অর্থদন্ডপ্রাপ্ত ২জন পলাতক আসামি র্যাবের হাতে গ্রেপ্তার হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার ইসতিয়াক আহম্মেদ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়, ১৮ জুলাই রাতে র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, দস্যুতা মামলার ৫ বছর ৩ মাসের সাজাপ্রাপ্ত ও অর্থদন্ডপ্রাপ্ত ২ জন পলাতক আসামী ঝিনাইদহ জেলার সদর থানা এলাকায় অবস্থান করছে।

উক্ত সংবাদের ভিত্তিতে অভিযানিক দলটি একই তারিখ ঝিনাইদহ জেলার সদর থানাধীন হাটগোপালপুর এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে উক্ত সাজাপ্রাপ্ত ও অর্থদন্ডপ্রাপ্ত পলাতক আসামী আজাদ শেখ (৪৮) ও অনিক ওরফে সাদ্দাম (২৪) কে গ্রেপ্তার করে। তারা উভয়ে ঝিনাইদহের কালীগঞ্জ থানার বাসিন্দা।

গ্রেপ্তারকৃত আসামীদ্বয়কে কালীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে ব্যবসায়ীর মৃত্যু

ঝিনাইদহ শহরের চাকলাপাড়া বিদ্যুৎস্পৃষ্টে শওকত আলী (৫০) নামের একব্যবসায়ীর মৃত্যু হয়েছে। বুধবার সকালে এ দুর্ঘটনা ঘটে। শওকত আলী সদর উপজেলার মহিষাকুন্ডু এলাকার মৃত শুকুর আলীর ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, শওকত আলী চাকলাপাড়া একটি ভাড়া বাসায় ইজিবাইক চার্জের ব্যবসা করত।

বুধবার সকালে চার্জরত ইজিবাইকের প্লাগ খুলতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

পরিবারের পক্ষ থেকে অভিযোগ না থাকায় তার মরদেহ হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে বিএনপির পদযাত্রা কর্মসূচী পালিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগসহ নির্দলীয় নিরপেক্ষ সরকারের দাবীতে ঝিনাইদহে বিএনপির পদযাত্রা কর্মসূচী পালিত হয়েছে।

বিএনপির কেন্দ্রীয় কর্মসূচীর আলোকে ঝিনাইদহ জেলা বিএনপি বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামান থেকে এই পদযাত্রা শুরু করে। এতে ঝিনাইদহ সদর উপজেলা ছাড়াও ৬ উপজেলা থেকে আসা কয়েক হাজার নেতাকর্মী অংশ নেয়। পদযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আরাপপুরে গিয়ে শেষ হয়।

পদযাত্রা শেষে সংক্ষিপ্ত সমাবেশে বিএনপির জাতীয় নির্বাহী কমিটি খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা এবং বিভিন্ন উপজেলা বিএনপির সভাপতি-সাধারণ সম্পাদকসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বর্তমান আওয়ামী সরকারকে অবৈধ দাবী করে দ্রুত নির্দলীয় নিরপেক্ষ সরকারের কাছে ক্ষমতা হস্তান্তরের দাবী জানান।

দামুড়হুদা দুধপতিলা মাদ্রাসা ভবনের ভিত্তিপ্রস্থর স্থাপনের শুভ উদ্বোধন

দামুড়হুদা দুধপতিলা কওমী মাদ্রাসা ও এতিমখানা নতুন ভবনের ভিত্তিপ্রস্থর স্থাপনের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু।

আজ বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলার দুধপাতিলা গ্রামের মোকাম তলায় ‘দুধপাতিলা কওমী মাদ্রাসা ও এতিমখানা’র শুভ উদ্বোধন করা হয়।

২০২১-২২ অর্থ বছরের নির্ধারিত মূল্য ৪ লক্ষ টাকা, চুক্তি মূল্য ৩ লক্ষ ৮০ হাজার টকায় ১৫ টি কলম বিশিষ্ট ৬০ ফিট/২৮ ফিট ৩ তালা ভবনের কাজ করছেন মেসার্স রাহিব ট্রেডার্স ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে।

ভিত্তিপ্রস্থর স্থাপনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। এসময় তিনি বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র সরকারের আমলে বাংলাদেশে অসংখ্য মাদ্রাসা এতিমখানার ব্যাপক উন্নয়ন হয়েছে। অসংখ্য স্কুল কলেজ হয়েছে। বর্তমান সরকার জনবান্ধব সরকার। এসময় তিনি সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক কাজের বর্ননা করেন। যা বিগত কোন সরকারের আমলেই হয়নি।

এসময় উপস্থিত ছিলেন জেলা সহকারী প্রকৌশলী মোছা: আনিছা খানম, উপসহকারী প্রকৌশলী মো: রোকনুজ্জামান, বীর মুক্তিযোদ্ধা ছাবের আলী, দুধপাতিলা কওমী মাদ্রাসা ও এতিমখানা কমিটির সভাপতি আনোয়ার হোসেন, সাধারণ সম্পাদক তাজুল ইসলাম, ইউপি সদস্য শহিদুল ইসলাম, আওয়ামী লীগ নেতা শাহাজান আলীসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ ও মাদ্রাসার সকল শিক্ষক ও শিক্ষার্থী বৃন্দ।

নিয়োগ দেবে সজীব গ্রুপ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে সজীব গ্রুপ। প্রতিষ্ঠানটিতে সেলস অফিসার পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনের মাধ্যমে সহজেই আবেদন করতে পারবেন।

পদের নাম

সেলস অফিসার।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে এইচএসসি পাস হতে হবে। বয়স সর্বনিম্ন ১৮ বছর। পুরুষ প্রার্থীরা আবেদন করতে পারবেন।

কর্মস্থল

বাংলাদেশের যেকোনো স্থানে।

বেতন

আলোচনা সাপেক্ষে।

আবেদন প্রক্রিয়া

প্রার্থীদের বিডিজবস অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনের শেষ তারিখ

৩ আগষ্ট, ২০২৩।

সূত্র : বিডিজবসর

আলমডাঙ্গা শিক্ষার্থী উপস্থিতি রেখে শ্রেণী শিক্ষকদের ধর্মঘট

মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবিতে চলমান ৪র্থ দিনের মত আন্দোলনের অংশ হিসেবে আলমডাঙ্গার সকল বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে তালা ঝুঁলিয়ে কর্মচারীরা আন্দোলন করছেন। একই দাবিতে শ্রেণী ক্লাস বন্ধ রেখে ধর্মঘট করছে শিক্ষকরাও। টানা ৪র্থ দিন আন্দোলন চলায় শিক্ষার মানউন্নয়নে ব্যাঘাত ঘটছে।

গত রবিবার (১৬ জুলাই) সকাল থেকে উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে তালা ঝুঁলিয়ে দেয় শিক্ষক ও কর্মচারীরা। এ সময় তারা কর্মবিরতি আন্দোলন শুরু করেন।

তবে ব্যতিক্রম চিত্র দেখা যায় পৌর শহরের আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে। সেখানে বিপুল সংখ্যক শিক্ষার্থী স্কুল ড্রেস পরে স্কুলে আসলেও শিক্ষক-কর্মচারীরা তাদের উপস্থিত (হাজিরা) নিয়ে রুম থেকে বের করে দিয়ে শ্রেণিকক্ষগুলোতে তালা লাগিয়ে দেয়।

শিক্ষক-কর্মচারী জানিয়েছেন, তাদের এক দফা দাবি মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ না হওয়া পযর্ন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন।

আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কয়েক জন শিক্ষার্থী জানান, গরমের মধ্যে যাতায়াতের জন্য প্রতিদিন ৩০/৪০ টাকা খরচ করে স্কুলে আসতে হয়। শিক্ষক ও কর্মচারীরা ধর্মঘট করায় শ্রেণী ক্লাস বন্ধ রেখেছে। এতে শিক্ষার্থীদের ভোগান্তির পাশাপাশি শিক্ষার মানউন্নয়নে ব্যাঘাত ঘটছে।

ওই স্কুলের প্রধান শিক্ষক মনিরুজ্জামান বলেন, ধর্মঘটের মধ্যেও শিক্ষার্থীদের উপস্থিত ৫০% হলেও তাদের ক্লাস বন্ধ রাখা হয়েছে। শিক্ষার্থীদের উপস্থিত (হাজিরা) নেবার বিষয়ে তিনি জানেন না বলে জানান।

এদিকে বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্দেশনা অনুযায়ী আলমডাঙ্গায় আজ বুধবারও সকাল থেকে ক্লাস বন্ধ রেখে উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মঘট পালন করছেন শিক্ষকরা।

এ ব্যাপারে শিক্ষক নেতারা জানান, দাবি আদায় না হওয়া পর্যন্ত অনির্দিষ্টকালের জন্য এ আন্দোলন চলবে। এ উপজেলায় প্রায় ৬৫টি’ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে।

মেহেরপুরের সেই মাটি খেকো নেতার বিরুদ্ধে এবার কোর্টে মামলা দায়ের

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামের মাটি খেকো সেই যুবলীগ নেতা মুঞ্জুরুল ইসলাম ও মো: রিপনের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয়েছে।

সদর উপজেলার খোকসা গ্রামের মৃতু ফরজ আলীর ছেলে সাদিকুর রহমান ওরফে ফকির বাদী হয়ে ৪৪৭/৩৭৯/৪২৭/৫০৬ পিসি ধারায় এই মামলাটি করেন। যার মামলা নং সিআর ৫১৬/২০২৩ইং।

মামলার বিবরণে জানা গেছে, বাদির কেনার জন্য বায়নাকৃত জমিতে মঞ্জুরুল ইসলাম অবৈধভাবে প্রবেশ করে এসকেবেটর দিয়ে মাটি কেটে একই সাথে সরকারি জমিরও মাটি কেটে প্রায় ৩০০ ট্রলি মাটি বিক্রি করেছে। মাটির আনুমানিক মূল্য আড়াই লাখ টাকা। মামলার বাদী আরও বলেন, আসামিরা মাটি কেটে আমার ক্ষতি সাধন করেছেন। আমি খবর পেয়ে এসকেভেটর বন্ধ করার জন্য গেলে তারা মারার জন্য আমার দিকে ছুটে আসে। এসময় আমি প্রাণ ভয়ে সেখান থেকে পালিয়ে আসি।

জানা গেছে, আমঝুপি ইউনিয়নের ১ নং ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক ও স্থানীয় মসজিদ কমিটির সাধারণ সম্পাদক মুঞ্জুরুল ইসলাম দীর্ঘদিন যাবৎ এসকেভেটর দিয়ে বিভিন্ন স্থানের মাটি কেটে স্থানীয় ইটভাটাগুলোতে সরবরাহ করে থাকেন। তিনি শুধূ এলাকার পতিত জমিই নয়, সরকারি বেসরকারি সব জমিতেই জোর করে অবৈধভাবে মাটি কেটে মোটা অংকের টাকা নিয়ে বিক্রি করে বলে জানান স্থানীয়রা।

উল্লেখ্য যে, ১৯ জুলাই মেহেরপুর প্রতিদিনে ” মেহেরপুরের খোকসাতে

সরকারি জমির মাটি কাটার অভিযোগ” শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়।

এদিকে আদালত তাদের গ্রেফতারি পরোয়ানা জারি করেছে।

এবার বাংলাতেও ব্যবহার করুন চ্যাটজিপিটি

কৃত্রিম বুদ্ধিমত্তার কথা বললে প্রথমেই আসবে চ্যাটজিপিটির নাম। প্রযুক্তিতে নতুন মাত্রা যোগ করা এই কৃত্রিম বুদ্ধিমত্তা একা নয়। এর বাইরেও রয়েছে একাধিক কৃত্রিম বুদ্ধিমত্তা।

চ্যাটজিপিটিকে টেক্কা দিতে এরই মধ্যে গুগল তৈরি করেছে তাদের এআই ‘বার্ড’। যেটি চ্যাটজিপিটির মতোই কৃত্রিম বুদ্ধিমত্তার এই চ্যাটবটটি অনেক সুবিধা এনেছে।

এর আগেও শোনা গিয়েছিল কৃত্রিম বুদ্ধিমত্তা নিজেই শিখে নিয়েছে বাংলা। আর এবার বাংলাতে সেবা দিতে শুরু করবে এই কৃত্রিম বুদ্ধিমত্তা। নতুন আপডেটের সঙ্গে ব্যবহারকারীদের জন্য এসেছে অনেক সুবিধা।

শুধু বাংলা হয় আরও ৪০টি ভাষায় ব্যবহার করতে পারবেন গুগল বার্ড। এর মধ্যে আছে বাংলা, হিন্দি, তামিল, তেলুগু, কন্নর, মালয়ালম, মারাঠি, গুজরাতি, উর্দু, স্প্যানিশ, আরবি, জার্মানি, চাইনিজসহ আরও অনেক ভাষা।

সম্প্রতি গুগল তাদের এআই চ্যাটবটটি বার্ড লঞ্চ করেছে ব্রাজিল এবং ইউরোপের বিভিন্ন দেশে। এর পাশাপাশি এসেছে নতুন ফিচারও। গুগল বার্ড এখন ছবি বুঝতেও সক্ষম। চ্যাটজইপিটির পেইড মেম্বারদের ক্ষেত্রে এই ফিচার আগেই চালু হয়েছে।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে পূর্ব শত্রুতার জেরে হামলা চালিয়ে আহত

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে আব্দুল মোমিন ওরফে সুরুজকে পিটিয়ে আহত, নগদ টাকা ছিনতাই ও মোবাইলফোন পুড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে প্রতিপক্ষদের বিরুদ্ধে। এঘটনার বিচার দাবি করে মেহেরপুর সদর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন সুরুজ।

জানা গেছে, আজ বুধবার (১৯ জুলাই) সকাল ৯ টার দিকে সুরুজ তার মায়ের নামীয় জমির কলার ক্ষেতে কাজ করছিলেন।

এসময় কুলবাড়িয়া গ্রামের সুমন, মামুন, আব্দুল লতিব, জুয়েল, আব্দুল কুদ্দুছ, হুদাল্লিল, মুলুক, নাজাতুল্লাহ ও তাদের লোকজন কলার ক্ষেতে দেশীয় অস্ত্র লাঠি শোঠা, লোহার রড ও হাসুয়া নিয়ে হামলা চালিয়ে আমাকে বেধড়ক মারপিট করে।

এসময় আমার কাছে থাকা একটি এন্ড্রয়েট স্যামসাং মোবাইল ফোন পুড়িয়ে দেয় এবং নাগদ ১০ হাজার টাকা ছিনিয়ে নেয়। মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে সেটিতে আগুন লাগিয়ে দেয়। এছাড়া গলায় হাসুয়া ধরে হত্যার হুমকী দেয়।

এঘটনায় আব্দুল মোমিন বাদী হয়ে মেহেরপুর থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।